প্রথম আলো

তারিখ : 06 APR 2016 ... ...
পৃষ্ঠা ... ... ... কলাম ... ... ...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শিক্ষা মন্ত্রণালয়**
www.moedu.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭৬.০৮.০০৫.১৪-৮৮ তারিখ : ১৪ মাঘ, ১৪২২ বঙ্গাব্দ / ২৭ জানুয়ারি, ২০১৬ খ্রিস্টাব্দ

# অভিযোগনামা

যেহেতু, আপনি **জনাব মোঃ আলমগীর**, ইন্সট্রাক্টর (মেকানিক্যাল), কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউটে বিগত ২২/১১/২০১১ তারিখ হতে ২৪/১১/২০১১ তারিখ পর্যন্ত ০৩ (তিন) দিনের নৈমিত্তিক ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করেন এবং ছুটি শেষে কাজে যোগদান না করে অদ্যাবধি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন : এবং

যেহেতু, আপনাকে কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউটের ২৭/১২/২০১১ তারিখের সংস্থাপন/২৪৬২/৪ নং স্মারক মোতাবেক কাজে যোগদানের জন্য পত্র দেয়া হলে আপনি কর্মস্থলে যোগদান করেননি বা কোনরূপ যোগাযোগ করেননি। সে প্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরের ২২/০৫/২০১২ তারিখের সংস্থাপন (২)/বিভাগীয় ব্যবস্থা গ্রহণ/৭৭/৭৭ (অংশ-১)/১৫২, নং স্মারক মোতাবেক আপনাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয় এবং আপনি তারও জবাব প্রদান করেননি। এবং

যেহেতু, আপনি গত ২২/১১/২০১১ তারিখ হতে অদ্যাবধি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। আপনার এ ধরনের কর্মকাণ্ড সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) মতে 'অসদাচরণ' এবং ৩ (সি) মতে 'ডিজারশন' অপরাধ হিসেবে গণ্য;

সেহেতু, এক্ষণে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৩ (বি) ও ৩(সি) ধারামতে যথাক্রমে ডিজারশন (Desertion) ও 'অসদাচরণ' (Misconduct) এর দায়ে অভিযুক্ত করা হলো এবং কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩) (ডি) বিধি মোতাবেক চাকরি হতে বরখাস্ত করা হবে না বা উপর্যুক্ত বিধিমালার বিধান মতে অন্য কোন উপযুক্ত দন্ড প্রদান করা হবে না তার কারণ এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ দেয়া গেল। আত্মপক্ষ সমর্থনের জন্য আপনি লিখিত বক্তব্যের অতিরিক্ত হিসেবে ব্যক্তিগত শুনানি চান কিনা তাও উপর্যুক্ত নির্ধারিত সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানানোর জন্য আপনাকে নির্দেশ দেয়া গেল।

**মোঃ সোহরাব হোসাইন**
সচিব

**বর্তমান ঠিকানা**

জনাব মোঃ আলমগীর
ইন্সট্রাক্টর (মেকানিক্যাল)
কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউট, কুমিল্লা

**স্থায়ী ঠিকানা**

জনাব মোঃ আলমগীর
প্রযত্নে-পিতা : মৃত আহাদ আলী
গ্রাম : দপা ইদ্রাকপুর (মুন্সী ভিলা), পোঃ ফতুল্লা
উপজেলা : ফতুল্লা, জেলা : নারায়ণগঞ্জ।

# অভিযোগ বিবরণী

**জনাব মোঃ আলমগীর,** ইন্সট্রাক্টর (মেকানিক্যাল), কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউটে বিগত ২২/১১/২০১১ তারিখ হতে ২৪/১১/২০১১ তারিখ পর্যন্ত ০৩ (তিন) দিনের নৈমিত্তিক ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করেন এবং ছুটি শেষে কাজে যোগদান না করে অদ্যাবধি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এ জন্য কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউটের ২৭/১২/২০১১ তারিখের সংস্থাপন/২৪৬২/৪ নং স্মারক মোতাবেক কাজে যোগদানের জন্য পত্র দেয়া হলে আপনি কর্মস্থলে যোগদান করেননি বা কোনরূপ যোগাযোগ করেননি। সে প্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরের ২২/০৫/২০১২ তারিখের সংস্থাপন (২)/বিভাগীয় ব্যবস্থা গ্রহণ/৭৭/৭৭ (অংশ-১)/১৫২ নং স্মারক মোতাবেক আপনাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। প্রেরিত চিঠি 'প্রাপক উক্ত ঠিকানায় না থাকায় ফেরত দেওয়া গেল' মর্মে কারিগরি শিক্ষা অধিদপ্তরে ফেরত আসে। আপনি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউটের ছাত্র/ছাত্রীদের শিক্ষা কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। আপনার এ ধরনের কর্মকান্ড সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) ও ৩ (সি) ধারামতে যথাক্রমে 'অসদাচরণ' ও 'ডিজারশন' শামিল যা উক্ত বিধিমালার ৩ (বি) ও ৩ (সি) ধারা অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। উক্ত অপরাধে আপনাকে অভিযুক্ত করা হলো।

**মোঃ সোহরাব হোসাইন**
সচিব

ডিজি-২৩৬/১৬ (১০"x৩)